অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 12/8/2021 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল নরউইচকে ডাউনটাউন পুনরুজ্জীবিতকরণ উদ্যোগের পঞ্চম রাউন্ডে সাউদার্ন টিয়ার অঞ্চলের দ্বিতীয় 10 মিলিয়ন মার্কিন ডলার বিজয়ী হিসেবে ঘোষণা করলেন

নরউইচের ডাউনটাউন পুনরুজ্জীবিত করতে স্টেট বাসিন্দা, সম্প্রদায়ের নেতৃবৃন্দ এবং সরকারি কর্মকর্তাদের সাথে কাজ করবে

ডাউনটাউন পুনরুজ্জীবিতকরণের এসব বিনিয়োগ কমিউনিটিগুলোকে পুনরুজ্জীবিত করার এবং অর্থনীতিকে সমৃদ্ধ করার জন্য স্টেটের সমন্বিত পরিকল্পনার একটি গুরুত্বপূর্ণ অংশ

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে ডাউনটাউন পুনরুজ্জীবিতকরণ উদ্যোগের (Downtown Revitalization Initiative, DRI) পঞ্চম রাউন্ডে সাউদার্ন টিয়ার (Southern Tier) অঞ্চলের একজন বিজয়ী হিসেবে নরউইচ 10 মিলিয়ন মার্কিন ডলার তহবিল পাবে। DRI রাউন্ড 5-এর অংশ হিসেবে, স্টেটের 10টি আঞ্চলিক অর্থনৈতিক উন্নয়ন অঞ্চলের প্রতিটি 20 মিলিয়ন ডলারের তহবিল পেতে যাচ্ছে, যা ডাউনটাউনগুলোকে প্রাণবন্ত অঞ্চলে রূপান্তর করার মাধ্যমে কোভিড-19 পরবর্তী সময়ে কমিউনিটিগুলোকে তাদের অর্থনীতি শক্তিশালী করতে সাহায্য করার উদ্দেশ্যে স্টেটের তরফ থেকে বরাদ্দকৃত ও বিনিয়োগকৃত মোট 200 মিলিয়ন ডলারের তহবিলের অংশ।

"আগের থেকেও শক্তিশালী হয়ে পুনর্গঠন করতে আমাদের কাজের অংশ হিসেবে, ডাউনটাউন পুনরুজ্জীবিতকরণ উদ্যোগ স্থানীয় অঞ্চলগুলিকে কৌশলগত বিনিয়োগ করতে দিচ্ছে যার ফলে সম্প্রদায়সমূহের দীর্ঘমেয়াদি সমৃদ্ধি হবে," **গভর্নর হোকল বলেন।** "এই তহবিল শুধু নরউইচকে সেখানে বাস ও কাজ করা মানুষের জন্য ডাউনটাউনকে রূপান্তর করতে সাহায্যই করবে না, বরং গ্রামটিকে কর্মসংস্থান সৃষ্টি ও অর্থনীতি বিকাশের কাজ শুরু করে দিবে যা তাদের প্রয়োজন।"

লেফটেন্যান্ট গভর্নর ব্রায়ান বেঞ্জামিন বলেন, "ডাউনটাউন পুনরুজ্জীবিতকরণ উদ্যোগ হল কোভিড-19 মহামারীর পর আরো শক্তিশালী পুনর্গঠনে স্টেটের সার্বিক কৌশলের কেন্দ্রীয় অংশ। আমি নরউইচকে 10 মিলিয়ন মার্কিন ডলার জেতায় অভিনন্দন জানাচ্ছি, এই অর্থ তাদের একটি পুনরুজ্জীবিত ডাউনটাউন বানাতে সাহায্য করবে যা নতুন ব্যবসা সমর্থন করবে,

বিনোদনের বিকল্প বৃদ্ধি করবে, বাইক ও পথচারীদের নিরাপত্তা বৃদ্ধি করবে, এবং মিশ্র-ব্যবহারের সাথে বর্ধিত করবে।"

ডিপার্টমেন্ট অফ স্টেটের (Department of State) নেতৃত্বে, DRI শহরতলীর এলাকাগুলিকে উচ্চ-মানের জীবন যাপনের সুযোগ প্রদান করে এবং পুনঃউন্নয়ন, ব্যবসা, কর্মসংস্থান, ও অর্থনৈতিক ও আবাসনের বৈচিত্র্যকে আকৃষ্ট করে এমন একটি প্রাণবন্ত ক্রিয়াকলাপের কেন্দ্রস্থলে রূপান্তর করার মাধ্যমে স্টেটের অর্থনৈতিক উন্নয়নের নীতির একটি ভিত্তি হিসেবে কাজ করছে।

এই রাউন্ডে, গভর্নর হোকল অর্থায়ন দ্বিগুণ করে 100 মিলিয়ন থেকে 200 মিলিয়ন করেন এবং প্রতিটি আঞ্চলিক অর্থনৈতিক উন্নয়ন পরিষদকে (Regional Economic Development Council) দুটি 10 মিলিয়ন ডলার প্রাপক বা একটি 20 মিলিয়ন ডলার প্রাপককে রূপান্তরমূলক শহরতলীর পুনঃউন্নয়ন প্রকল্পের জন্য মনোনীত করার সিদ্ধান্ত নেওয়ার অনুমতি দেন। অতীতের DRI রাউন্ডগুলোর মতোই, প্রতিটি নির্বাচিত কমিউনিটি ডাউনটাউন পুনরুজ্জীবিত করার একটি ভিশন সুস্পষ্টভাবে উল্লেখ করে এবং ডাউনটাউনকে রূপান্তর করার এবং আরো বেশি বেসরকারি ও সরকারি বিনিয়োগকে কাজে লাগানোর সম্ভাবনা রয়েছে এমন কিছু স্বকীয় প্রকল্প সনাক্ত করে এমন একটি বটম-আপ কমিউনিটি-ভিত্তিক পরিকল্পনা প্রক্রিয়ার মাধ্যমে একটি কৌশলগত পরিকল্পনা প্রণয়ন করবে। DRI তহবিল তারপরে পুনরুজ্জীবিতকরণকে দ্রুত শুরু করার এবং শহরতলীর জন্য কমিউনিটির ভিশনকে বাস্তবে রূপ দেওয়ার সব চেয়ে বেশি সম্ভাবনা রয়েছে এমন নির্বাচিত প্রকল্পগুলোকে প্রদান করবে। DRI-এর মাধ্যমে, নিউ ইয়র্ক স্টেট এনার্জি রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট অথরিটি (New York State Energy Research and Development Authority, NYSERDA) পুরস্কারপ্রাপ্তদের প্রযুক্তিগত সহায়তা প্রদান করবে যাতে তারা 2050 সালের মধ্যে গ্রিনহাউস গ্যাস নির্গমনকে 85 শতাংশ কমানোর রাজ্যের লক্ষ্য সমর্থন করতে কার্বন নিরপেক্ষতার নীতি অন্তর্ভুক্ত করতে সহায়তা করবে।

নরউইচ

সিরাকিউস ও ইউটিকার মতো প্রধান আপস্টেট শহরের 50-মাইল ব্যাসার্ধের মধ্যে অবস্থিত নরউইচ তাদের উদ্ভাবন ও সৃজনশীলতার ইতিহাসের উপর ভিত্তি করে পরিবর্তনশীল আমেরিকান অর্থনীতির প্রত্যুত্তরে একটি "খাঁটি শহুরে বিকল্প" হয়ে উঠতে চায়। নরউইচ তাদের প্রচেষ্টা কেন্দ্রীভূত করেছে তাদের ডাউনটাউন এলাকায়, যার মধ্যে রয়েছে মিশ্র-ব্যবহারের জন্য একটি পুরোনো স্কুল ভবনের পুনর্গঠন, স্থানীয় জাদুঘরগুলির মধ্যে সংযোগ উন্নয়ন, এবং পরিচ্ছন্ন শক্তি বিকাশে মনোযোগ প্রদান, যা 2019 সাল থেকে শহরের 5 মাইলের মধ্যে 3টি সৌর খামার নিয়ে এসেছে। প্রচেষ্টাগুলির উপর ভিত্তি করে, শহরের উদ্দেশ্য হল নতুন ব্যবসাসমূহকে সমর্থন করা, বিনোদন বিকল্প বৃদ্ধি করা, বাইক/পথচারী নিরাপত্তা ও ব্যবহারের সুযোগ বৃদ্ধি করা এবং বর্ধিত মিশ্র-ব্যবহারের স্থান।

সাউদার্ন টিয়ার আঞ্চলিক অর্থনীতি বিকাশ পরিষদ (Southern Tier Regional Economic Development Council) পুরো অঞ্চলের সম্প্রদায়সমূহের জমাকৃত প্রস্তবনাসমূহের একটি পুঙ্খানুপুঙ্খ ও প্রতিযোগিতামূলক পর্যালোচনা করেছে এবং নরউইচকে মনোনীতদের একজন হিসেবে সুপারিশ করার আগে নিচের সাতটি নির্ণায়কের প্রত্যেকটি বিবেচনা করেছে:

- ডাউনটাউনটি সুনির্দিষ্ট পরিসীমা-বিশিষ্ট ও নিবিড়ভাবে বিন্যস্ত হতে হবে;
- ডাউনটাউনটি পূর্বের বা ভবিষ্যতের বেসরকারি ও সরকারি বিনিয়োগকে সে অঞ্চলে ও তার আশেপাশের অঞ্চলে কাজে লাগাতে সক্ষম;
- ডাউনটাউনের মধ্যে, অথবা ডাউনটাউনের নিকটবর্তী এলাকায় কর্মসংস্থানের সাম্প্রতিক বা আসন্ন বৃদ্ধি ঘটার সুযোগ থাকতে হবে, যা কর্মীদেরকে ডাউনটাউনে আকৃষ্ট করতে পারবে, পুনঃউন্নয়নে সহায়তা করবে এবং টেকসই সমৃদ্ধি বয়ে আনবে;
- শহরতলীটি অবশ্যই সব বয়স, আয়, লিঙ্গ, পরিচয়, সক্ষমতা, গতিশীলতা ও সাংস্কৃতিক পটভূমির মানুষের জন্য একটি আকর্ষণীয় ও প্রাণবন্ত কমিউনিটি হতে হবে;
- মিউনিসিপ্যালিটি ইতোমধ্যে স্থানীয় ভূমি ব্যাংক, আধুনিক জোনিং কোড ও পার্কিং সংক্রান্ত মানদণ্ড ব্যবহার করা, সড়কের পরিকল্পনা, জ্বালানি সাশ্রয়ী প্রকল্প, সবুজ কর্মসংস্থান, ও ট্রানজিট-অভিমুখী উন্নয়ন সম্পন্ন করা সহ, জীবন যাপনের সক্ষমতা ও গুণমান বৃদ্ধি করে এমন নীতিমালা তৈরি ও বাস্তবায়ন করে থাকতে হবে অথবা তা করার সক্ষমতা থাকতে হবে;
- মিউনিসিপ্যালিটি ডাউনটাউনের পুনরুজ্জীবিতকরণের একটি ভিশন এবং DRI কৌশলগত বিনিয়োগ পরিকল্পনায় অন্তর্ভুক্ত করা যেতে পারে এমন প্রকল্প ও উদ্যোগগুলোর একটি প্রাথমিক তালিকা পাওয়া যায় এমন একটি উন্মুক্ত ও শক্তিশালী কমিউনিটির সম্পৃক্ততা প্রক্রিয়া পরিচালনা করে থাকতে হবে;
- মিউনিসিপ্যালিটির DRI প্রক্রিয়ার ব্যবস্থাপনার জন্য স্থানীয় সক্ষমতা থাকতে হবে; এবং
- মিউনিসিপ্যালিটি এমন রূপান্তরমূলক প্রকল্পগুলোকে সনাক্ত করেছে যেগুলো DRI তহবিল পেলেই নিকটবর্তী-মেয়াদে বাস্তবায়নের জন্য প্রস্তুত হয়ে যাবে।

নরউইচ এখন DRI-র পঞ্চম রাউন্ডে সাউদার্ন টিয়ার অঞ্চলের বিজয়ী হিসেবে এন্ডিকট গ্রামের সাথে যোগ দিলো। DRI-র প্রথম চার রাউন্ডের সাউদার্ন টিয়ার বিজয়ীরা হলো যথাক্রমে এলমিরা, ওয়াটকিন্স গ্লেন, ওয়েগো এবং হর্নেল।

নরউইচ এখন 10 মিলিয়ন মার্কিন ডলার DRI তহবিল থেকে 300,000 মার্কিন ডলার পর্যন্ত পরিকল্পনা তহবিল ব্যবহার করে এর ডাউনটাউন পুনরুজ্জীবিত করার জন্য একটি কৌশলগত বিনিয়োগ পরিকল্পনা তৈরির প্রক্রিয়া শুরু করবে। মিউনিসিপ্যাল প্রতিনিধি, কমিউনিটির নেতৃবৃন্দ, ও অন্যান্য স্টেকহোল্ডারদের নিয়ে গঠিত একটি স্থানীয় পরিকল্পনা কমিটি বেসরকারি খাতের একদল বিশেষজ্ঞ ও স্টেট পর্যায়ের পরিকল্পনাকারীদের সহায়তা নিয়ে এই প্রচেষ্টায় নেতৃত্ব দিবে। কৌশলগত বিনিয়োগ পরিকল্পনাটি স্থানীয় সম্পদ এবং সুযোগ পরীক্ষা করে দেখবে এবং ডাউনটাউন পুনরুজ্জীবনের জন্য সম্প্রদায়ের লক্ষ্যের সাথে মিলে যায় এবং বাস্তবায়নের জন্য প্রস্তুত এমন অর্থনৈতিক বিকাশ, পরিবহন, আবাসন, এবং সম্প্রদায় প্রকল্প চিহ্নিত করবে। কৌশলগত বিনিয়োগ পরিকল্পনা ডাউনটাউনের জন্য কমিউনিটির ভিশনকে অগ্রসর করবে এবং স্টেটের তরফ থেকে দেওয়া এই 10 মিলিয়ন ডলারের বিনিয়োগ কাজে লাগাতে ও সম্প্রসারণ করতে পারবে এমন পুনরুজ্জীবিতকরণ প্রকল্পগুলোতে DRI অনুদানের অর্থ বিনিয়োগের ক্ষেত্রে পথ প্রদর্শন করবে। DRI-এর পঞ্চম রাউন্ডের পরিকল্পনাগুলো 2022 সালে সম্পন্ন হবে।

স্টেটের ভারপ্রাপ্ত সচিব ব্রেন্ডন সি. হিউজ বলেন, "ডাউনটাউন পুনরুজ্জীবিতকরণ উদ্যোগ নতুন ব্যবসা আকৃষ্ট করার জন্য, সংযুক্তি ও যাতায়াত উন্নত করা এবং পুরো ডাউনটাউন এলাকায় মিশ্র-ব্যবহারের নির্মাণ বৃদ্ধি করার জন্য অতিরিক্ত সংস্থান প্রদান করে নরউইচের অর্থনীতি পুনরুজ্জীবিত করতে সাহায্য করবে।ডিপার্টমেন্ট অফ স্টেট (Department of State) নরউইচের কৌশলগত পরিকল্পনার বিকাশ ও বাস্তবায়নে তাদের সাথে কাজ করতে উন্মুখ যাতে করে এগুলি ব্যবহার করে সাউদার্ন টিয়ারে আরো বেসরকারি বিনিয়োগের সুযোগ সৃষ্টি করা যায়।"

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের (Empire State Development) ভারপ্রাপ্ত কমিশনার এবং প্রেসিডেন্ট এবং প্রধান নির্বাহী কর্মকর্তা মনোনীত হোপ নাইট বলেন, "ডাউনটাউন পুনরুজ্জীবিতকরণ উদ্যোগ প্রাণবন্ত সিটি সেন্টার তৈরির কৌশলগত পরিকল্পনার মাধ্যমে নিউ ইয়র্ক স্টেটের অর্থনীতিকে গঠন করছে। DRI অর্থ নরউইচকে এর সেরা আপস্টেট অবস্থান ব্যবহার করা, পরিচ্ছন্ন শক্তি বিকাশ বিস্তৃত করা এবং মিশ্র-ব্যবহারের ও সাংস্কৃতিক স্থান সমর্থনের কাজে সাহায্য করবে।"

নিউ ইয়র্ক স্টেট হোমস অ্যান্ড কমিউনিটি রিনিউয়ালের (New York State Homes and Community Renewal, HCR) কমিশনার রুথঅ্যান ভিস্নাউস্কাস বলেন, "সাউদার্ন তিয়ারে HCR-র বিনিয়োগ ঐতিহাসিক কারখানাগুলিকে সাশ্রয়ী আবাসন হিসেবে পুনরায় ব্যবহার করার ব্যবস্থা করেছে, নতুন বাড়ি নির্মাণের অর্থায়ন করেছে, এবং এমন সংস্থান অন্তর্ভুক্ত করেছে যা সম্পূর্ণ সম্প্রদায়ের পুনরুজ্জীবন অব্যাহত রাখছে। গভর্নর হোকল এবং সাউদার্ন টিয়ারের স্বপ্নদর্শী নেতাদের কল্যাণে, এই DRI অর্থ সেই সাফল্য ব্যবহারে করে আরো কাজ করবে এবং নরউইচ সংস্কার ও আরো পুনরুজ্জীবিত করতে জনগণের পক্ষে কাজ করবে।"

নিউ ইয়র্ক স্টেট এনার্জি রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্টের (New York State Energy Research and Development Authority, NYSERDA) প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা ডোরিন এম. হ্যারিস বলেন
পার্কস, রিক্রিয়েশন অ্যান্ড হিস্টোরিক প্রিজার্ভেশনের (Parks, Recreation and Historic Preservation) কমিশনার এরিক কুলেসিড বলেন, "নরউইচের মতো নিউ ইয়র্কের লিগেসি সম্প্রদায়গুলির অর্থনৈতিক বিকাশ সমর্থনে ও কর্মসংস্থান সৃষ্টিতে, বাঁচার মতো এলাকা বৃদ্ধি, এবং স্থানীয় ঐতিহ্য বজায় রেখে মানসম্পন্ন আবাসন প্রদানের ক্ষেত্রে দারুণ সম্ভাবনা রয়েছে। ডাউনটাউন পুনরুজ্জীবিতকরণ উদ্যোগের সহায়তায়, নিউ ইয়র্ক স্টেট টেকসই বিকাশ প্রচারের সাথে সাথে আমাদের শহর ও টাউনের ঐতিহাসিক কেন্দ্র পুনর্নবীকরণ করার ক্ষেত্রে নেতৃত্ব দিচ্ছে।"

সিনেটর ফ্রেড আকসার বলেন, "অনেক বেশি সময় ধরে মনে হচ্ছিলো যে নরউইচ সম্প্রদায় ও আশেপাশের শেনাঙ্গো কাউন্টি একত্রে অ্যালবানির নেতৃবৃন্দের মনোযোগের দিক দিয়ে একদম শেষে রয়েছে, কিন্তু আজকে এ ব্যাপারে কোনো সন্দেহ নেই যে কমার্স শেনাঙ্গো (Commerce Chenango) এবং প্রকল্পে কাজ করা সকল অংশীদারদের পরিশ্রম ফলপ্রসূ হয়েছে। নরউইচ এখন রূপান্তরকারী, ভবিষ্যতের ইতিবাচক পরিবর্তনের সম্মুখ সারিতে রয়েছে। এখানে বাস করা মানুষ জানে যে এই সম্প্রদায়টি বাস করা, কাজ করা এবং পরিবার গঠন করার

জন্য দারুণ একটি স্থান, তারপরেও স্টেটজুড়ে আরো অনেক সম্প্রদায়ের মতোই পরের প্রজন্মকে অন্য কোথাও সুযোগের সন্ধানে না গিয়ে এখানে ধরে রাখা কঠিন থেকে কঠিনতর হয়ে উঠেছে। আজকের দিনটিতে আমরা আমাদের ভবিষ্যতে, আমাদের নিজেদের জন্য এবং পরবর্তী প্রজন্মের জন্য সুযোগে ভরা সমৃদ্ধ একটি সম্প্রদায়ের জন্য বিনিয়োগ করছি।"

অ্যাসেম্বলিমেম্বার জো এঞ্জেলিনো বলেন, "আমার হোমটাউন নরউইচ যে স্টেটের ডাউনটাউন পুনরুজ্জীবিতকরণ উদ্যোগের অংশ হিসেবে নির্বাচিত হয়েছে তা একটি স্বাগত সংবাদ। 10 মিলিয়ন মার্কিন ডলারের তহবিল আমাদের শহরকে আধুনিকায়ন করতে সাহায্য করবে এবং টাউনের বাইরের দর্শনার্থীদের আকৃষ্ট করবে। নরউইচ অনন্যভাবে ইউটিকা, সিরাকিউস এবং বিংহ্যামটনের মধ্যকার ত্রিভুজের কেন্দ্রে অবস্থিত। এলাকাটিকে পুনরুজ্জীবিত করার নতুন করে প্রতিশ্রুতি নিয়ে আমরা স্থানীয় অর্থনীতিকে পুনরায় শক্তি প্রদানের জন্য একটি 'উদীয়মান জোয়ার যা সকল নৌকাকে উত্থিত করবে' এমন পন্থা দেখার আশা করছি।"

নরউইচের মেয়র শন শাস্ত্রী বলেন, "নরউইচের জন্য আজ একটি আনন্দের দিন, এবং আমি আমাদের সম্প্রদায়ের সকলে যারা একটি মনোজ্ঞ DRI প্যাকেজ উপস্থাপন করেছেন তাদের প্রশংসা করছি। গভর্নর হোকলকে তার সমর্থনের জন্য ধন্যবাদ।10 মিলিয়ন মার্কিন ডলারের DRI তহবিল নরউইচে অনেকগুলি নতুন বিকাশ আনবে।"

নরউইচের নির্বাচিত মেয়র ব্রায়ান ডলিভার বলেন, "নরউইচের জন্য কি দারুণ একটি দিন! আমি আমাদের ডাউনটাউনের জন্য তার সমর্থনের জন্য শুধু গভর্নর হোকলের প্রতি না, বরং এই ভিশনকে সামনে নিয়ে যেতে সম্প্রদায়ের নিবেদিত সদস্যরা যে কাজ করেছেন তাদের প্রতিও কৃতজ্ঞ। নরউইচের উজ্জ্বল একটি নতুন অধ্যায় শুরু করাতে সাহায্য করার জন্য প্রকল্প নির্মাণে সম্পূর্ণ সম্প্রদায়ের সাথে কাজ করার জন্য আমি উন্মুখ।"

NYSERDA প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা ডোরিন এম. হ্যারিস বলেন, "নরউইচ ইতিমধ্যেই তাদের পুনরুজ্জীবন প্রচেষ্টায় পরিচ্ছন্ন শক্তি অন্তর্ভুক্ত করছে এবং তারা তাদের ডাউনটাউন এলাকার পরিকল্পনার সাফল্যের উপর ভিত্তি করে যে কাজ করবে সেগুলির জন্য কারিগরি সহায়তা ও সমর্থন প্রদান করতে আমরা উন্মুখ। পরিকল্পনা প্রক্রিয়ায় কার্বন নিরপেক্ষ নীতি অন্তর্ভুক্ত করলে তা নিশ্চিত করবে যে প্রকল্পগুলি সম্প্রদায় ও পরিবেশের জন্য স্বাস্থ্যকর এবং এগুলি স্টেটের জলবায়ু ও পরিচ্ছন্ন শক্তি লক্ষ্যের সমর্থনে কাজ করে।"

সাউদার্ন টায়ার আঞ্চলিক অর্থনৈতিক উন্নয়ন কাউন্সিল (Southern Tier Regional Economic Development Council) এর সহ-সভাপতি জুডি ম্যাককিনি চেরি, অর্থনৈতিক উন্নয়ন (Economic Development) এর জন্য স্কাইলার কাউন্টি অংশীদারিত্বের (SCOPED) নির্বাহী পরিচালক ও সানি (SUNY) ব্রুম কমিউনিটি কলেজের সভাপতি ড. কেভিন ড্রাম বলেন, "STREDC সিটি অফ নরউইচকে তার উৎসাহব্যঞ্জক ভবিষ্যত অর্জনে সহায়তা করতে পেরে খুবই গর্বিত। এই সম্প্রদায়-চালিত কৌশলগত পরিকল্পনাগুলি বসবাসকারীদের এবং দর্শনার্থীদের উভয়কেই সমানভাবে উপকৃত করবে। 10 মিলিয়ন ডলারের DRI তহবিল লক্ষ্যকৃত, রূপান্তরমূলক প্রকল্পের একটি সম্ভারকে চালিত করতে সাহায্য করবে, অর্থনৈতিক প্রবৃদ্ধি উন্নত করবে এবং এই বিস্ময়কর সম্প্রদায়ের

মধ্যে প্রাণবন্ত শহরতলীর এলাকা তৈরি করবে যেখানে মানুষ বাস করতে, কাজ করতে এবং অবসর যাপন করতে চাইবে।"

ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগ সম্পর্কে
ডাউনটাউন পুনরুজ্জীবিতকরণ উদ্যোগটি বিনিয়োগের ক্রিয়াকলাপ ও অনুঘটক হিসেবে ভূমিকা রাখার জন্য স্টেটের দশটি অঞ্চলের সবকটির ডাউনটাউন ও অঞ্চলকে পুনরুজ্জীবিত করার প্রক্রিয়া ত্বরাণিত ও সম্প্রসারিত করার উদ্দেশ্য নিয়ে 2016 সালে চালু করা হয়েছিল। ডিপার্টমেন্ট অফ স্টেটের নেতৃত্বে, উদ্যোগটি একটি অভূতপূর্ব এবং উদ্ভাবনী প্ল্যান-টু-অ্যাক্ট কৌশলের প্রতিনিধিত্ব করে যা কৌশলগত পরিকল্পনাকে অবিলম্বে বাস্তবায়ন করার সাথে সংযুক্ত করে যা তার সাথে তাদের সম্প্রদায়ের ভবিষ্যতের দৃষ্টিকে বাস্তবায়নের জন্য স্থানীয় সরকারের ক্ষমতাকে সমর্থন করার উদ্দেশ্যে রাজ্যের বিশেষজ্ঞদের একটি আন্তঃ-এজেন্সির দলকে সাথে নিয়ে আসে।

এই কর্মসূচির প্রথম চার বছরে, স্টেট পুনরুজ্জীবিতকরণের জন্য উপযুক্ত অবস্থায় রয়েছে এবং পুনঃউন্নয়ন, ব্যবসা, কর্মসংস্থান তৈরি, বৃহত্তর অর্থনৈতিক ও আবাসন সংক্রান্ত বৈচিত্র্য, ও সুযোগ-সুবিধাকে আকৃষ্টকারীতে পরিণত হওয়ার সম্ভাবনা রয়েছে এমন ডাউনটাউনগুলোতে 400 মিলিয়ন ডলার বিনিয়োগ করতে অঙ্গীকারাবদ্ধ হয়েছে। DRI এর পঞ্চম রাউন্ডে অতিরিক্ত 200 মিলিয়ন মার্কিন ডলারের প্রতিশ্রুতি থাকবে। ডাউনটাউনের যোগ্যতা ও রূপান্তরণের ভিত্তিতে অংশগ্রহণকারী কমিউনিটিগুলিকে স্টেটের 10-টি আঞ্চলিক অর্থনৈতিক উন্নয়ন কাউন্সিল মনোনীত করেছে। প্রতিটি কমিউনিটিকে একটি ডাউনটাউন কৌশলগত বিনিয়োগ পরিকল্পনা প্রণয়ন এবং পুনরুজ্জীবিতকরণের কমিউনিটির ভিশনকে সামনে এগিয়ে নিবে এবং আরো বেশি বেসরকারি ও সরকারি বিনিয়োগকে কাজে লাগাবে এমন গুরুত্বপূর্ণ অনুঘটক প্রকল্পগুলো বাস্তবায়নের জন্য কমপক্ষে 10 মিলিয়ন ডলার অনুদান প্রদান করা হয়েছে।

শহরতলীর পুনঃউন্নয়ন গাড়ির ব্যবহার ও গ্রিনহাউজ গ্যাস নির্গমন উল্লেখযোগ্য মাত্রায় কমিয়ে দেয় হাঁটার, বাইক চালানোর ও পরিবহনের মাধ্যমে অ্যাক্সেসযোগ্য সম্প্রদায় তৈরি করার মাধ্যমে জলবায়ু পরিবর্তনের বিরূপ প্রভাব কাটিয়ে ওঠা এবং জলবায়ু ন্যায়বিচারের প্রসার ঘটানোর জন্য স্টেটের ধারাবাহিকভাবে বজায় রাখা যায় এমন অর্থনৈতিক উন্নয়নের জাতীয়-নেতৃত্বমূলক প্রচেষ্টায় একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। DRI বাইরের বিনোদন এবং ব্যায়ামের জন্য আরও সুযোগ তৈরি করে রাজ্যের স্বাস্থ্য জুড়ে সমস্ত নীতি/বয়স-বান্ধব NY উদ্যোগকে (Health Across All Policies/Age-Friendly NY initiative) সমর্থন করে; সামাজিক আদান-প্রদানের জন্য নিরাপদ, সুগম সর্বজনীন স্থান প্রদান করে, যা মানসিক স্বাস্থ্যের উন্নতি করে; এবং তাজা, পুষ্টিকর খাবারের প্রবেশাধিকার সম্প্রসারণ করে, বিশেষ করে অনুন্নত সম্প্রদায়গুলিতে।

এই উদ্যোগের নেতৃত্বে নিউ ইয়র্কের রয়েছে ডিপার্টমেন্ট অফ স্টেট। সম্প্রদায়গুলি এম্পায়ার স্টেট ডেভলপমেন্ট ও স্টেট হোমস এবং কমিউনিটি রিনিউলের সাথে ঘনিষ্ঠ অংশীদারিতে স্টেটের নেতৃত্বে বেসরকারী খাত বিশেষজ্ঞ এবং স্টেট এজেন্সি কর্মীদের সমর্থন রয়েছে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418